

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬৫/২০২

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১
২৫ নভেম্বর ২০২৪

বিষয়ঃ মৃত্যু/পদত্যাগ জনিত কারণে পুনরায় ট্রাস্ট ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নওগাঁ জেলার সদর উপজেলাধীন গোবিন্দপুর ক্ষুদিপীর দাখিল মাদ্রাসা পরিচালনার জন্য চলমান ট্রাস্ট ম্যানেজিং কমিটির সভাপতি পদটি শূন্য হয়। মাদ্রাসা সুপার কর্তৃক পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করা হয়েছে। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর সংশ্লিষ্ট প্রবিধান অনুসারে সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে জনাব মোঃ আব্দুস ছাত্তার-কে মনোনয়নের জন্য নির্বাচিত করা হয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে নং- বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬৫/১২৯, তারিখ: ০৪/১০/২০২৩ খ্রি: স্মারকে অনুমোদিত সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডির প্রজ্ঞাপন অনুযায়ী অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ আব্দুস ছাত্তার-কে সভাপতি মনোনয়ন দেয়া হলো।

বিশেষ দৃষ্টব্য:

- মাদ্রাসার স্বার্থ পরিপন্থী কর্মকাণ্ডের জন্য প্রবিধানমালা ২০০৯ এর সংশ্লিষ্ট প্রবিধান অনুসারে এ কমিটি যে কোন সময় বাতিল করা যাবে।
- বর্তমান কমিটির সময়সীমার মধ্যে বিধি মোতাবেক পরবর্তী নিয়মিত-গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।
- অনুমোদিত কমিটিকে বোর্ড ও সরকার কর্তৃক জারিকৃত বিধি বিধান অনুসারে কার্যক্রম পরিচালনা করতে হবে।

সুপার/ভারপ্রাপ্ত সুপার,
গোবিন্দপুর ক্ষুদিপীর দাখিল মাদ্রাসা,
ডাকঘর-কীর্তিপুর, নওগাঁ সদর, নওগাঁ।

নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬৫/

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল;
- জেলা প্রশাসক, নওগাঁ;
- উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ;
- জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ;
- সভাপতি/সদস্যবৃন্দ, ট্রাস্ট গভার্ণিং বডি, গোবিন্দপুর ক্ষুদিপীর দাখিল মাদ্রাসা, ডাকঘর-কীর্তিপুর, নওগাঁ সদর, নওগাঁ;
- ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক _____ শাখা, নওগাঁ সদর, নওগাঁ;
- অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৫/১১/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও
পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০২৫৮৬১০২০২

ই-মেইল: controller@bmeb.gov.bd

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১
২৫ নভেম্বর ২০২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও
পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০২৫৮৬১০২০২

ই-মেইল: controller@bmeb.gov.bd